

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ২১, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ  
[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

ঢাকা, ৫ই আশ্বিন, ১৪০৭বাং/২০শে সেপ্টেম্বর, ২০০০ইং

এস, আর, ও নং ২৮৭-আইন/২০০০/২৯২-মুসক।—মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার সিটি কর্পোরেশন ও পৌর এলাকায় উক্ত আইনের ধারা ২(খখ) এর সংজ্ঞায়িত ব্যবসায়ী কর্তৃক করযোগ্য সকল পণ্যের সরবরাহের উপর আরোপণীয় সমুদয় সম্পূরক শুল্ক এবং সিটি কর্পোরেশন ও পৌর এলাকার বাহিরে ব্যবসায়ী কর্তৃক করযোগ্য সকল পণ্যের সরবরাহের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

ফখরুল আবেদীন  
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

( ৩৮৯১ )

মূল্য : টাকা ১.০০